- একটি পরিশীলিত সিদ্ধান্ত করা যেতে পারে।
- সম্ভাব্য সিদ্ধান্ত মূল্যায়ন ও বিশ্লেষণ করা হয়।
- একটি সিদ্ধান্ত মডেলের ফলে ফলাফল কয়েকধাপ অনুসরণ করা হয় এট একটি ঐচ্ছিক পরিকল্পনা নির্ধারণ করতে ব্যবহার করা যেতে পারে।
- অন্তর্দৃষ্টির একটি পরিস্থিতিতে ভূমিকায়ণ ব্যবহার করা যেতে পারে।

সিদ্ধান্তগ্রহণে প্রক্রিয়ার প্রতিটি ধাপে সামাজিক, জ্ঞানমূলক এবং সাংস্কৃতিক সমস্যা অন্তর্ভুক্ত এটি প্রস্তাবিত হয়েছে যে এই বাধাগুলি সম্পর্কে আরো সচেতন হওয়ার ফলে একটিকে আরো ভালোভাবে প্রত্যাশিত ও অতিক্রম করতে পারে।

নিম্নলিখিত কিছু ধাপ ভালো সিদ্ধান্ত গ্রহণ প্রতিষ্ঠার ক্ষেত্রে সাহায্য করতে পারে:

- সম্পর্ক, নিয়ম এবং পদ্ধতিগুলি তৈরি করেন ও প্রতিপালন করে যার দ্বারা বোঝা যায় যা সমস্যা কীভাবে বোঝে এবং যোগাযোগ করে।
- একটি সমস্যার অস্তিত্ব যে স্বীকৃত।
- সনাক্তকরণ এবং সমস্যা ব্যাখ্যাকরণ এবং এটি মূল্যায়ন।
- অনেক প্রতিক্রিয়ার মধ্য থেকে আরো উপযুক্ত ন্যায়বিচার খোঁজা। আরো ন্যায়সঙ্গত সিদ্ধান্ত সমর্থন করে য কর্মের মাধ্যমে অনুসরণ, সততা বিক্ষিপ্ত এবং বাধা অতিক্রম করার ক্ষমতা দ্বারা সমর্থিত, বাস্তবায়ন দক্ষতা এবং অহংবোধ ও শক্তির বিকাশ।

সিদ্ধান্ত গ্রহণের পর্যায়:

চারটি পর্যায় রয়েছে যা সমস্ত দলের সিদ্ধান্ত গ্রহণে জড়িত, এই পর্যায়ে, বা কখনও বলা হয় অগ্রগতি শুরু করার পর্বে সিদ্ধান্ত প্রক্রিয়া শুরু করার জন্য গুরুত্বপূর্ণ, এটি উন্নীত করেছিলেন প্রজ্ঞাপ্তি গবেষক B. Aubrey Fisher. নিম্নলিখিত চারটি পর্যায় হল:

১) অভিযোজন স্তর : এটি প্রারম্ভিক পর্যায়, যেখানে সদস্যরা প্রথমবার সাক্ষাৎ করে এবং একে অপরকে জানতে চায়।

২) অন্তর্দ্বন্দ্ব স্তর : একবার দলের সদস্যদের একে অপরের সাথে পরিচয় হয়ে ওঠার পরও বিরোধী, সামান্য মারামারি এবং বিতর্ক ঘটে, তবুও দলের সদস্যদের অবশেষে এটা কাজ করে,

৩) নির্গমন স্তর : দল তাদের সম্পর্কে কথা বলার মাধ্যমে অস্পষ্ট মতামত পরিষ্কার করে দেয়।

৪) প্রবলন স্তর : সদস্যদের অবশেষে একটি সিদ্ধান্ত হয়, যখন তারাই ন্যায়াত্যা প্রতিপাদন করে যে এটাই সঠিক সিদ্ধান্ত ছিল।

## ১.৫. সারাংশ:

- পরিমাণ এমন প্রক্রিয়াকে বোঝায় যার দ্বারা বস্তুর বৈশিষ্ট্যবলী বা ভৌত মাত্রা নির্ধারণ করা হয়।
- E. L. Thorudilre বিবৃত করেন যে, “যে সব কিছু বিদ্যমান; তা বিদ্যমান কিছু পরিমাণে এবং কিছু পরিমাণে বিদ্যমান যা কিছু তা পরিমাপ করা সক্ষম”।
- পরিমাপের দুটি ভাগ : (ক) ভৌত পরিমাপ এবং (খ) মানসিক পরিমাপ / মনোবৈজ্ঞানিক পরিমাপ / শিক্ষাগত পরিমাপ।
- ভৌত পরিমাপ এমন বস্তুর পরিমাপ যা সম্পূর্ণ বিদ্যমাণ যেমন, আমরা ব্যক্তির উচ্চতা, চালের ওজন ইত্যাদি পরিমাপ করে থাকি।
- মানসিক পরিমাপম শিক্ষাগত পরিমাপ বা মনোবৈজ্ঞানিক পরিমাপ হিসাবেও পরিচিত। এটি সর্বদা আপেক্ষিক এবং মানসিক পরিমাপের ক্ষেত্রে কোন প্রকার প্রকৃত শূণ্য থাকে না। যেমন, ব্যক্তির বুদ্ধিমত্তা পরিমাপের ক্ষেত্রে আমরা বুদ্ধির অভীক্ষার সাহায্য নিয়ে থাকি যা একটি বিষয়ীগত।

## টিপ্পনী

## টিপ্পনী

- যথার্থতা ও নির্ভরযোগ্যতার সঙ্গে মানসিক সংলক্ষণ পরিমাপ, পরিমাপণযন্ত্র, বা অভীক্ষা ব্যক্তিগত ক্রটি, স্থায়ী ক্রটি, তাৎপর্য্য নির্ণয় সংক্রান্ত ক্রটি, পর্যবেক্ষণ ক্রটির মত দৃষ্টিভঙ্গী থেকে দূর হতে হবে।
- মূল্যায়ন একটি ক্রিয়া বা প্রক্রিয়া যা পরিমাপের মান নির্ধারণ করে। যখন আমরা মূল্যায়ন করি, আমরা একটি কার্যকরিতার উপযুক্ততা, কাম্যতা বা একটি বস্তুর মূল্য হিসাবে বিচার করি।
- শিক্ষণ - শিখন প্রক্রিয়ায় একটি নিরবিচ্ছিন্ন প্রক্রিয়া এবং ইহা শিক্ষার্থীদের বিদ্যালয় সংক্রান্ত শিক্ষণগত পারদর্শীতা নিয়েও অধিক সচেতন।
- রুমের শিক্ষাগত উদ্দেশ্যের শ্রেণিবিন্যাস আবার মহাত্মা গান্ধীর শিক্ষা দৃষ্টিভঙ্গীর সাথে মিল রয়েছে। মহাত্মা গান্ধী শিক্ষাকে সংজ্ঞায়িত করেছেন।
- রুমের শিক্ষাগত উদ্দেশ্য তিনটি মাত্রায় বিভক্ত, যা (ক) জ্ঞানমূলক মাত্রা, (খ) অণুভূতিমূলক মাত্রা এবং (গ) মনশ্চালক মূলক মাত্রা নামে পরিচিত।
- শিখনের মাত্রা মূলনত শিক্ষাগত পরিকল্পনার উপর দৃষ্টি নিবদ্ধ করে শিখনের একটি ফ্রেমওয়ার্ক গঠন করে, যাতে অণুধাবন করা যায় (সচেতনমূলক অংশ) এবং বাস্তব শ্রেণীকক্ষ পরিবেশ শিখন।
- জ্ঞানমূলক মিশন মানসিক প্রক্রিয়া দ্বারা জ্ঞান এবং দক্ষতা অর্জন হিসাবে সংজ্ঞায়িত করা হয়।
- অভিসারী চিন্তন এই শব্দটি প্রথম আমেরিকান মনোবৈজ্ঞানিক Joy Paul Guilford উপস্থাপিত করেন, এটি সাধারণত আদর্শ প্রশ্নের সঠিক উত্তর দেওয়ার সক্ষমতাকে বোঝায় যার জন্য সৃজনশীল দক্ষতা ব্যবহারের প্রবোজন হয় না।
- সমস্যা সমাধান হল একটি মানসিক প্রক্রিয়া যা আবিষ্কার, বিশ্লেষণ এবং সমস্যা সমাধানের সাথে যুক্ত। সমস্যা সমাধানের চূড়ান্ত লক্ষ্য হল প্রতিবন্ধকতা থেকে অতিক্রম করা এবং যেকোন সমস্যার সবথেকে উৎকৃষ্ট মানের সমাধান খুঁজে বার করা।
- সিদ্ধান্ত গ্রহণ মানসিক প্রক্রিয়া হিসাবে বিবেচিত হতে পারে, যা বিভিন্ন বিকল্প পরিস্থিতি গুলির মধ্যে একটি কর্ম পরিকল্পনা নির্বাচন করে। প্রতিটি সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ার শেষ

ফলাফল একটি চূড়ান্ত নির্বাচন। আউটপুট একটি কর্ম বা একটি প্রস্তাব হতে পারে।

## ১.৬. প্রশ্নাবলী এবং অনুশীলন:

### সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী:

- ১) সুপরিমাপের বৈশিষ্ট্যবলী তালিকাবদ্ধ কর।
- ২) পরিমাপের জন্য বিভিন্ন প্রকার স্কেল গুলি পরপর উল্লেখ কর।
- ৩) মূল্যায়নের কৌশলগুলি তালিকাবদ্ধ কর।
- ৪) বিভিন্ন প্রকারের ত্রুটি গুলির নাম লেখ।
- ৫) শিক্ষাগত উদ্দেশ্যের পরিবর্তন ধারণার পিছনে কারণ কী?

### সুদীর্ঘ উত্তরধর্মী প্রশ্নাবলী:

- ১) পরিমাপের বিভিন্ন স্কেলগুলি বর্ণনা করুন।
- ২) পরিমাপের বিভিন্ন সরঞ্জাম বা উপকরণগুলি বিশদীকৃত করুন।
- ৩) মূল্যায়নের কার্যকারিতা ব্যাখ্যা করুন।
- ৪) শিক্ষাগত পরিমাপের উপর একটি বিস্তারিত টীকা লিখুন।
- ৫) জ্ঞানমূলক মাত্রার প্রথম স্তরের 'অবগমন' বর্ণনা করুন।

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

32



---

## একক- ২ : মূল্যায়নের সাধনী ও কৌশল

---

কাঠামো

২.০. ভূমিকা

২.১. এককের উদ্দেশ্য

২.২. মূল্যায়নের বিভিন্ন সাধনী ও কৌশল

২.৩. আদর্শায়িত ও শিক্ষাকৃত অভীক্ষার ধারণা

২.৪. সুঅভীক্ষার ধারণা

২.৫. নির্ভরযোগ্যতা : অর্থ পদ্ধতি

২.৬. যথার্থতা : অর্থ ও পদ্ধতি

২.৬.১. যথার্থতার প্রভাববিস্তারকারী উপাদান

২.৭. সারসংক্ষেপ

২.৮. প্রশ্নাবলী ও অনুশীলন

---

### ২.০. ভূমিকা :

---

অভীক্ষা হল একটি বিশেষ ধরনের মানাঙ্কন যা সমস্ত ছাত্রছাত্রীদের যৌক্তিক তুলনীয় অবস্থায় একগুচ্ছ প্রশ্নের উত্তর দেওয়ায় গঠিত। অভিন্ন অবস্থায় একগুচ্ছ প্রশ্নের মাধ্যমে আচরণগত নমুনা মানায়নের পরামর্শ বা নিয়মানুগ প্রক্রিয়া। কারণ অভীক্ষা হচ্ছে মানাঙ্কনের ছক, অভীক্ষা হচ্ছে প্রশ্নের উত্তর দান, 'একজন ব্যক্তিগতভাবে অন্যদের তুলনায় কতটা ভাল সম্পাদনমূলক কার্য সম্পাদন কতে পারছে?' মানসিক ও শিক্ষাগত অভীক্ষা হচ্ছে এক বা একাধিক বাচনিক অথবা অবাচনিক আচরণগত নমুনা যা গুণগত বা পরিমাণগত এক বা একাধিক দৃষ্টিভঙ্গি বা বৈশিষ্ট্যের আদর্শায়িত প্রক্রিয়া। একটি অভীক্ষাগঠিত হয় একগুচ্ছ আদর্শ প্রশ্নের উত্তর দান অথবা কর্মসম্পাদননে। অভীক্ষার পদগুলি কাঠিণ্যের ক্রমবর্ধিত পর্যায়ে স্থাপিত করা হয় এবং এর প্রশাসনিক প্রক্রিয়া আদর্শায়িত সর্বোচ্চ নৈর্ব্যক্তিকতাকে নিশ্চিত করে। শিক্ষণ - শিখন পরিস্থিতিতে

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

মানসিক ও শিক্ষাগত অভীক্ষা গুলি ব্যবহৃত হয় ছাত্রছাত্রীদের পারদর্শিতার স্তর জানবার জন্য।

অভীক্ষা ও পরিমাপের বৈজ্ঞানিক পর্যায়গুলি শুরু হয় আমেরিকান মনস্তাত্ত্বিক ই. এল. থর্গডিকের কাজের মধ্য দিয়ে। থর্গডিক একগুচ্ছ অগ্রণী মানসিক অভীক্ষা নির্মাণ ও পরকাশ করেন। ইন্ক - ব্লট অভীক্ষার বিকাশ ঘটান মনোবৈজ্ঞানী হারম্যান রোসচাচ। বুদ্ধিমত্তার অভীক্ষার বিকাশ ঘটান ফরাসী মনস্তাত্ত্বিক অ্যালফ্রেড বিনেট ও থিওডোর সিমন। প্রাপ্তবয়স্কদের বুদ্ধিমত্তার অভীক্ষার বিকাশ ঘটান আমেরিকান মনস্তাত্ত্বিক ওয়েচসলার। মনোভাব স্কেলের বিকাশ ঘটান ভাটিয়া - এগুলি মানসিক অভীক্ষার সুপরিচিত উদাহরণ। বর্তমান শিক্ষাবিজ্ঞান ও নের্দেশনার প্রাব প্রতিটি ক্ষেত্রে মানসিক অভীক্ষাগুলি জনপ্রিয় হয়ে উঠেছে।

এই এককে ভালোভাবে অভীক্ষা উত্তীর্ণ হবার নির্ভরযোগ্য ও যথার্থ তাৎপর্য সম্পর্কে আলোচনা করা হয়েছে। কম্পিউটিং নির্ভরযোগ্যতার পদ্ধতি নির্ভরযোগ্যতার প্রভাবের কারণগুলি এবং যথার্থতা, যথার্থতার ধরণ এবং যথার্থতা প্রভাবে কারণগুলি পরীক্ষা করা হয়েছে।

### ২.১. এককের উদ্দেশ্য:

এই একক পাঠের ফলে আপনারা সমর্থ হবেন -

- যথার্থতা ও নির্ভরযোগ্যতার ধারণ ব্যাক্যা করতে।
- নির্নায়ক নির্ভরযোগ্যতার পদ্ধতিগুলি চিহ্নিত করতে।
- নির্ভরযোগ্যতাকে প্রভাবিত করতে পারার কারণগুলির তালিকা প্রস্তুত করতে।
- যথার্থতার ধরণগুলি চিহ্নিত করতে।
- যথার্থতা ও নির্ভরযোগ্যতা মধ্যে সম্পর্ককে বর্ণনা করতে।

### ২.২. মূল্যায়নের বিভিন্ন সাধনী ও কৌশল:

মূল্যায়নের প্রক্রিয়া প্রদান করে জ্ঞানমূলক, অনুভূতিমূলক ও মনঃসঞ্চানন মূলক তথ্য। প্রথাগত পরীক্ষা কেবলমাত্র জ্ঞানমূলক উদ্দেশ্যে সীমাবদ্ধ। এই দৃষ্টিভঙ্গিতে মূল্যায়ন হচ্ছে আরো বিস্তৃত প্রক্রিয়া। নানান ধরনের কৌশল এখানে ব্যবহার করা হয়।

জ্ঞানমূলক উদ্দেশ্যের মৌখিক, লিখিত, রচনাধর্মী, নৈর্ব্যক্তিক, ব্যবহারিক পরীক্ষা এবং পর্যবেক্ষণ কৌশল ব্যবহার করা হয়।

- আগ্রহ - উদ্ভাবন, মনোভাব ফেল, মূল্যবোধের অভীক্ষা ও পর্যবেক্ষণের কৌশল অনুভূতিমূলক মূল্যায়নে প্রয়োগ করা হয়।
- কর্মক্ষমতার অভীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও পর্যবেক্ষণ কৌশল প্রয়োগ করা হয় মনঃসঞ্চালন মানাঙ্কণে।

পারদর্শিতার অভীক্ষার থেকে নির্ণায়ন অভীক্ষা ব্যবহার করা হয়। এর কারণ, নির্ণায়ক অভীক্ষা শিক্ষণ ও নির্দেশনামূলক উদ্দেশ্য সম্পৃক্ত, যেখানে পারদর্শিতার অভীক্ষা বিষয়ের সঙ্গে সম্পৃক্ত। নির্ণায়ক অভীক্ষা বা মূল্যায়নের কৌশলের তিনটি প্রধান বৈশিষ্ট্য হল -

উপযোগিতা : নির্ণায়ক অভীক্ষার মধ্যে আছে প্রাস্তীয় আচরণগত শিখন বা নির্দেশনা। প্রতিটি নির্ণায়ক আচরণের পদ আসলে সমগ্র প্রাস্তীয় আচরণের প্রতিনিধিত্ব করে।

কার্যকরিতা : নির্ণায়ক অভীক্ষার পদগুলিতে আছে কাঠিন্যতমান পার্থক্যীকরণ ক্ষমতা। এই অভীক্ষা নির্ভরযোগ্য ও যথার্থ।

ব্যবহারিকতা - এই অভীক্ষা সহজে শাসিত হতে পারে এবং এর ফ্লোরিং প্রক্রিয়া সহজ। প্রাপ্ত তথ্যকে ব্যাক্যা করা যায় এবং তাকে অর্থপূর্ণ করা যায় এটা শিক্ষক ও ছাত্রছাত্রী উভয়ের গ্রহণযোগ্য।

### মূল্যায়নের কৌশলের শ্রেণীবিন্যাস :

সমস্তরকমের মূল্যায়ন কৌশলকে বৃহৎভাবে দুভাগে ভাগ করা যায় - (ক) মূল্যায়নের পরিমাণগত কৌশল এবং (খ) মূল্যায়নের গুণগত কৌশল। এর সংক্ষিপ্ত বিবরণ নিচে দেওয়া হল -

#### (ক) পরিমাণগত কৌশল :

প্রধানত শিক্ষামূলক মূল্যায়নের ক্ষেত্রে পরিমাণগত কৌশল ব্যবহৃত হয়। এটা বিশেষভাবে নির্ভরযোগ্য ও যথার্থ। এর তিনটি বৈশিষ্ট্যকে তিনটি শ্রেণীতে বিভক্ত করা যায় - (১) মৌখিক (২) লিখিত এবং (৩) ব্যবহারিক।

## টিপ্পনী

## টিপ্পনী

১) মৌখিক কৌশল : মূল্যায়নের এই কৌশল ব্যবহার করা হয় নিচু স্তরের সাগঠনিক ও অগ্রনী শিক্ষণ কার্যক্রমে। এই জন্য মৌখিক প্রশ্ন, বিতর্ক ও নাটকের ব্যবহার করা হয়।

২) লিখিত কৌশল - এই জাতীয় কৌশল লিখিত প্রশ্ন করা হয় এবং ছাত্রছাত্রীরা লিখিত উত্তর প্রদান করে। মৌখিকের থেকে লিখিত অভীক্ষা বেশি কার্যকরী। লিখিত অভীক্ষা দুধরনের - রচনাধর্মী ও নৈর্ব্যক্তিক। নৈর্ব্যক্তিক অভীক্ষা নির্ণায়ক পরিষ্কার জন্য এখন পছন্দ করা হচ্ছে, কারণ যেগুলি নৈর্ব্যক্তিক ও নির্ভরযোগ্য।

৩) ব্যবহারিক কৌশল : এই ধরনের কৌশলে ছাত্রছাত্রীদের নির্ধারিত কিছু কাজ সম্পাদন করতে হয়। দক্ষতা বা মনঃসঞ্চালনমূলক মানাঙ্কনের ভিত্তিভূমি এই কৌশল। বিজ্ঞান, ভূগোল, হোম-সয়েন্স, কৃষি ইত্যাদি ক্ষেত্রে ব্যবহারিক কৌশল ব্যবহৃত হয়।

### (খ) গুণগত কৌশল:

বিদ্যালয় ও কলেজের আভ্যন্তরীণ মানাঙ্কনের জন্য গুণগত কৌশল ব্যবহার করা হয়। এই কৌশল বিষয়মুখী ও কমনির্ভরযোগ্য। কিন্তু এটা ব্যবহৃত হয় অনুভূতিমূলক উদ্দেশ্য মানাঙ্কনের ক্ষেত্রে এই কৌশলের পাঁচটিশ্রেণী-

১) কিউমিলেটিভ রেকর্ডস্ - এই ধরনের রেকর্ড বিদ্যালয়ের প্রতিটি ছাত্রছাত্রীর জন্য বপ্ৰস্তুত করা হয়। একজন ছাত্র/ ছাত্রীর কিউমিলেটিভ রেকর্ডে থাকে তার শিক্ষাগত উন্নতি, মাসিক - যান্মাসিক - বার্ষিক অভীক্ষার ফল। উপস্থিতির হার, খেলাধূলা সহ পাঠক্রমে অংশগ্রহণ এবং দৈহিক স্বাস্থ্য গঠন। একজন ছাত্র / ছাত্রীর কিউমিলেটিভ রেকর্ড অভিভাবক, শিক্ষক ও অধ্যক্ষকে সচেতন করে তার উন্নতি দুর্বলতা সম্পর্কে।

২) অ্যানেকডোটাল রেকর্ডস - এই জাতীয় নথিতে থাকে ছাত্র / ছাত্রীর উল্লেখযোগ্য ঘটনা এবং কাজ বা কর্মক্ষমতার বিবরণ। বিদ্যালয়ে যোগ্যতার তালিকা তৈরি করা হয়। অ্যানেকডোটাল রেকর্ডস - এ ছাত্র / ছাত্রীরা ঘটনা ও কর্মক্ষমতার সঠিক তথ্য থাকে। এই নথির সাহায্যে ছাত্র/ ছাত্রীর আগ্রহ ও শিক্ষনের মানাঙ্কন করা যায়। এই নথি ছাত্র / ছাত্রীর পথ নির্দেশনা প্রদানে সাহায্য করে।

৩) পর্যবেক্ষণ কৌশল - বিদ্যালয়ে মূল্যায়নের ক্ষেত্রে এই কৌশল অপরিহার্য। এই কৌশল শিক্ষার সবস্তরেরই ব্যবহৃত হয়। তবে এটা প্রাথমিক স্তরেই ছোট শিশুদের

কর্মক্ষমতা মূল্যায়নের ক্ষেত্রে বেশি কার্যকরী। জ্ঞানমূলক, অনুভূতিমূলক ও মনঃসঞ্চালন মূলক মূল্যায়ন এটি ব্যবহার করা হয়। উচ্চশ্রেণীর ছাত্রছাত্রীরা মূল্যায়নের জন্য এই কৌশল অবলম্বন করতে পারে। শৈনিকক্ষের মিথস্ক্রিয়া কেবলমাত্র এই পর্যবেক্ষণ কৌশলেই মূল্যায়িত হতে পারে।

৪) চেকলিস্ট : ছাত্রছাত্রীদের আগ্রহ, মনোভাব ও মূল্যবোধের মূল্যায়নে এই কৌশল ব্যবহৃত হয়। 'হ্যাঁ' কিংবা 'না' বাচক নির্দিষ্ট কিছু বিবৃতি এর অন্তর্ভুক্ত। ছাত্রছাত্রীরা দুটির কোনটিকে চেক করবে।

৫) রেটিংস্কেল : ছাত্রছাত্রীদের শিক্ষণ ও বিষয় সম্পর্কে মনোভাবের মানাঙ্কনের জন্য রেটিং কৌশল ব্যবহৃত হয়। যা নির্ধারিত হতে পারে তিন, পাঁচ ও সাত স্কেলে। এটা উচ্চশ্রেণীতে ব্যবহৃত হতে পারে, কারণ এর জন্য ছাত্রছাত্রী দের বিচার করার ক্ষমতার দরকার। নির্দেশমূলক প্রক্রিয়ার কার্যকারিতা, শিক্ষনের কায়দা, কৌশল ও উপকরণের মূল্যায়নে একজনশিক্ষক এই কৌশল ব্যবহার করতে পারেন। এই স্কেলের বিবৃতিগুলি শিখনের নির্দিষ্ট উদ্দেশ্যের সঙ্গে সম্পৃক্ত।

### অভীক্ষার ধরণ ও বৈশিষ্ট্য:

অভীক্ষা হচ্ছে পরিমাপের সাধনী এবং পরিমাপ আমাদের মূল্যায়নের নির্দেশনা দেয়। বিভিন্ন প্রেক্ষাপটে ব্যবহৃত শিক্ষার বিভিন্ন উদ্দেশ্যে বাস্তবায়নের প্রাপ্তির জন্য বিভিন্ন ধরনের অভীক্ষা প্রচলিত। একে নিম্নলিখিত শ্রেণীকরণ করা যায় -

- উদ্দেশ্য - নির্দিষ্ট অভীক্ষার শ্রেণীবদ্ধকরণ।
- গুণিস্টক - নির্দিষ্ট অভীক্ষার শ্রেণীবদ্ধকরণ।
- প্রক্রিয়া - নির্দিষ্ট অভীক্ষার শ্রেণীবদ্ধকরণ।

এক ধরনের অভীক্ষার ফর্ম অন্যধরনগুলির থেকে স্বতন্ত্র। বিভিন্ন ধরনের অভীক্ষাগুলিতে একই রকমের কাজের প্রবোজন হতে পারে এবং ককনো কখনো একই জিনিসের পুনরাবৃত্তি হয়। একটি পদের পুনরাবৃত্তি হতে পারে বিভিন্ন অভীক্ষায় এমনকী অন্যশ্রেণীর অভীক্ষাতেও। তাদের মধ্যে সুস্পষ্ট কী তা নয়, বরং তারা কীরকম তা হচ্ছে কীভাবে তারা নির্দেশিত হচ্ছে সেটাই বিভিন্ন ধরনের অভীক্ষাগুলিকে আলাদা করে দেয়। অভীক্ষা কর্মের নির্বাচনে বা অভীক্ষা পদের কর্মের বাস্তবায়নে আমরা পার্থক্য খুঁজব না

## টিপ্পনী

## টিপ্পনী

।আমরা পার্থক্য চিহ্নিত করব। অভীক্ষাগুলির সামগ্রিক নেশায়, তাদের নির্মাণের উদ্দেশ্যে যা তাদের গঠনকে নির্দেশিত করে এবং কখনো প্রকৃতি এবং শিখনের প্রদত্ত এলাকার কতটা ব্যাপ্তি ঘটেছে তার পরিমাণে। এর থেকে আমরা এখন অভীক্ষার বিভিন্ন ধরনের নকশা বৈশিষ্ট্য আলোচনায় উপনীত হতে পারি।

### উদ্দেশ্য নির্দিষ্ট বিভাগ:

নির্দিষ্ট উদ্দেশ্য মূলভায়ন অর্জনের জন্য অভীক্ষার যেন নকশা তা উদ্দেশ্য - নির্দিষ্ট বিভাগের অন্তর্গত। সাধারণত চারধরনের অভীক্ষা চিহ্নিত করা যায় এই বিভাগে - (ক) দুর্বলতা - নির্ণায়ক অভীক্ষা (খ) প্রবণতার অভীক্ষা (গ) পারদর্শিতার অভীক্ষা ও (ঘ) দক্ষতার অভীক্ষা। এদের বৈশিষ্ট্যগুলি নিম্নে আলোচনা করা হল -

(১) নির্ণায়ক অভীক্ষা : এই পদ্ধতিতে আমাদের শিখনের সেই এলাকাটা চিহ্নিত করতে সাহায্য করে যেখানে শিক্ষার্থীর প্রয়োজন প্রতিকারমূলক কার্যের শিখনের প্রদত্ত এলাকার শিক্ষার্থী জানে আর কোনতি জানে না সেই প্রোফাইলটি আমাদের দেয় এই অভীক্ষা। এই প্রোফাইলের উপস্থিতির ফলে দুর্বলতা নির্ণায়ক অভীক্ষা একগুচ্ছ উপ - অভীক্ষা নেব যাতে পুরো বিষয়টা সম্যকভাবে থাকে।

(২) প্রবণতার অভীক্ষা : এই ধরনের অভীক্ষাগুলি ভবিষ্যৎবাণিপূর্ণ ক্রিয়া পরিবেশন করে। সম্ভাব্য প্রতিভাকে চিহ্নিত করতে এটা সাহায্য করে। একটি কাজ সম্পাদন করতে পূর্বশর্ত বৈশিষ্ট্যগুলি কতটা উপযুক্ত তা চিহ্নিত করে এই অভীক্ষা। এখানে এমন উপদক্ষতার পদ উপসহধাপন করা হয় যে, যা শেষপর্যন্ত জটিল দক্ষতা বিশেষজ্ঞ হয়ে ওঠার বিকাশ ঘটায়। এই প্রবণতা অভীক্ষাগুলি যারা অধ্যয়ন বা পেশায় ভাল করতে পারে তাদের চিহ্নিত করে এবং যারা করবে না তাদেরকেও। এই অভীক্ষাগুলি সাধারণত ব্যবহৃত হয়। বিশেষ কোর্স বা পেশার জন্য মানুষ নির্বাচনে।

(৩) পারদর্শিতার অভীক্ষা : এই ধরনের অভীক্ষাগুলির লক্ষ্য হল একটা কোর্সের উদ্দেশ্য কতটা সাধিত হল তার ব্যাপ্তির পরিমাপ করা। প্রদত্ত কোর্সের উদ্দেশ্যে দ্বারা এই অভীক্ষাগুলির সুযোগ শাসিত হয়। প্রদত্ত পাঠ্যসূচিতে সীমানা নির্দেশিত শিখনের এলাকাগুলিকেই এরা গ্রহ করে।

(৪) দক্ষতার অভীক্ষা : এই অভীক্ষাগুলির লক্ষ্য নির্দিষ্ট সময়ে একজন ব্যক্তির

সাধারণ দক্ষতার মানাঙ্কন। নির্দিষ্ট অবস্থায় একজন শিক্ষার্থীর কী দক্ষতা থাকা উচিত তা পরিচালিত হয় একটা যুক্তিসঙ্গত প্রত্যাশার দ্বারা এই অভীক্ষাগুলিতে। পারদর্শিতার অভীক্ষায় যেমনটা হয়ে থাকে, এটা নির্দিষ্ট কোর্সের উদ্দেশ্য বা পাঠ্যসূচির কতটা সাহিত হয়েছ তার প্রেক্ষিতে এটা নিয়ন্ত্রিত হয় না। কোর্স সমাপ্তির পরীক্ষা যেগুলি বিদ্যালয় বা কলেজে নেওয়া হয় তা পারদর্শিতার অভীক্ষার প্রথাগত নিদর্শন। বিভিন্ন রাজ্য এবং অথা বিশ্ববিদ্যালয় থেকে আগত প্রার্থীদের জাতিয় স্তরে নির্বাচন বা প্রবেশাধিকারের জন্য নেওয়া অভীক্ষা দক্ষতা অভীক্ষার প্রথাগত উদাহরণ।

### ভূয়িষ্টক - নির্দিষ্ট বিভাগ :

গূয়িষ্টক নির্দিষ্ট বিভাগে আমরা গূয়িষ্টক / মনোভাবের ভিত্তিতে অভীক্ষার ধরণগুলি চিহ্নিত করি যা অভীক্ষার নির্মাণ ও ব্যবহারকে শাসিত করে। এই বিভাগে আমরা ছয় মাত্রার ছয়জোড়া অভীক্ষার ধরন উপস্থাপিত করতে পারি।

#### (১) প্রথাগত মানাঙ্কন বনাম প্রথাগত মানাঙ্কন :

যেখানে জনসাধারণের কাছে দায়বদ্ধ একটি সংস্থা নির্বাচন বা পুরস্কার প্রদানের জন্য অভীক্ষার আয়োজন করে যেখানে প্রথাগত মানাঙ্কন প্রয়োজ্য হয়। এই পরিস্থিতিতে মানাঙ্কন নিশ্চিতকরে বস্তুনিষ্ঠতা, বিশ্বাসযোগ্যতা ও প্রাসঙ্গিকতা। এটা মেনে চলে অভীক্ষার গঠন, প্রশাসনিকতা ও ব্যাখ্যার আদর্শীয়ত নিয়ম/ প্রক্রিয়া। অপ্রথাগত মানাঙ্কন হচ্ছে এই অভীক্ষা যা স্বতন্ত্র বা একটি স্বৈচ্ছাকৃত সংস্থা আয়োজন করে এবং এবং তা থেকে প্রাপ্ত তথ্য ব্যক্তিগতপ্রয়োজন সিদ্ধ করে। অপ্রথাগত মানাঙ্কন নৈর্ব্যক্তিক ও নির্ভরযোগ্য হওয়া প্রয়োজন কিন্তু মূল্যায়ক তার মানাঙ্কনের মানের জন্য জনসাধারণের কাছে দায়বদ্ধ নন। যদিও মানাঙ্কনের পদ্ধতি মূল্যায়নের প্রক্রিয়াকে খুব যথাযথভাবে মেনে চলে না।

#### ২) গঠনমূলক মানাঙ্কন বনাম চূড়ান্তমানাঙ্কন :

গঠনমূলক মানাঙ্কন শিক্ষার্থীর লক্ষ্যতার দুর্বলতাকে চিহ্নিত করে শিক্ষার্থী ও শিক্ষককে সেই দুর্বলতা অতিক্রম করতে সাহায্য করে। চূড়ান্ত মানাঙ্কের লক্ষ্য একটি প্রদত্ত কোর্সের সমাপ্তির পর শিক্ষার্থীকে তার লক্ষ্যতার প্রত্যয়ন করা ও শ্রেণীকরণ করা। কোর্স চলাকালীন নিয়মিত ও নির্দিষ্ট সময় অন্তর যে অভীক্ষার মানাঙ্কন করা হয় তা গঠনমূলক।

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

## টিপ্পনী

সেখানে চূড়ান্ত মানাঙ্কন করা হয় বহুদিন তরে চলা একটি নির্দিষ্ট কোর্স শেষ করার পর, যেমন - টার্ন বা সেমেস্টার বা একবছর পর হওয়া অভীক্ষা। একটা ছয়মাসের কোর্সের ক্ষেত্রে পাক্ষিকে নেওয়া অভীক্ষার মানাঙ্কন হচ্ছে গঠনমূলক, আর ছয়মাস পর কোর্স সমাপ্ত করে নেওয়া অভীক্ষার মানাঙ্কন হচ্ছে চূড়ান্ত অভীক্ষা।

তার উপর চূড়ান্ত অভীক্ষায় চাওয়া পদের যে স্তর তা গঠনমূলক অভীক্ষায় চাওয়া পদের থেকে উচ্চস্তরের। উদাহরণ বলা যায়, গঠনমূলক অভীক্ষার পদগুলি চেক করে অপরিচিত পরিস্থিতিতে প্রদত্ত নিয়ম বা নীতির প্রবোগ করে শিক্ষার্থীর ক্ষমতার। চূড়ান্ত অভীক্ষার পদগুলি চেক করে বৈচিত্র্যময় পরিস্থিতির মাধ্যে থেকে যথাযথ নিয়ম বা নীতির প্রয়োগ করে শিক্ষার্থীর ক্ষমতা।

শিক্ষাবিজ্ঞানে গঠনমূলক মানাঙ্কন ও চূড়ান্ত মানাঙ্কন ছাড়াও ; বিকাশমূলক মানাঙ্কন আছে। একটি কোর্সের বিকাশে এবং শিক্ষার্থীদের প্রতিনিধিত্বমূলক নমুনা আছে এমন কোর্সের প্রারম্ভিক সংস্কারের মূল্যায়নে এই মানাঙ্কণ ব্যবহৃত হয়। এটি সাধারণত কোর্স সিডিউলের একটা অংশ হিসাবে চিহ্নিত হতে পারে। এই প্রসঙ্গে গঠনমূলক মানাঙ্কণ বলতে বোঝায় বহুৎগোষ্ঠীর শিক্ষার্থীদের কোর্সের মূল্যায়ন করা। এই মানাঙ্কনের উদ্দেশ্য কোর্সের বিকাশ পদ্ধতি সাহায্য করা নয়। বরং এটা সাহায্য করে যে কোর্সের ইতোমধ্যে বিকাশ ঘটেছে তার কার্যকলাপ রক্ষণাবেক্ষণের পুনঃসংস্করণে।

### ৩) ধারাবাহিক মানাঙ্কন বনাম টার্মিনাল মানাঙ্কন :

শিখনের পারদর্শিতার উন্নতি যেখানে গঠনমূলক বনাম চূড়ান্ত গুয়িস্টক মানাঙ্কনের সঙ্গে সম্পৃক্ত, সেখানে শিক্ষার্থীর পারদর্শিতার গ্রেডিং এর উদ্দেশ্য ধারাবাহিক বনাম টার্মিনাল গুয়াষ্টিক মানাঙ্কনকে পরিচালিত করে। কোর্স সমাপ্তির পর হওয়া অভীক্ষার বদলে নিয়মিত এমনকী কিছু সময় অন্তর হওয়া একগুচ্ছ অভীক্ষার গ্রেডিং এর উপর ভিত্তি করে ধারাবাহিক মনাঙ্কণের বিস্তার ঘটে। টার্মিনাল মানাঙ্কণ স্বাভাবিকভাবে যা করে সেখানে ধারাবাহিক মানাঙ্কন অভীক্ষার পদ্ধতিতে শিখনের বিষয়বস্তু আরো তীব্র অ্যাকোমোডেশনের জন্য অনুমতি দেয়। ধারাবাহিক মানাঙ্কন অভীক্ষার একটি সিরিজের উপর স্কোর একসঙ্গে নিলে চূড়ান্ত মানাঙ্কণের প্রয়োজন সিদ্ধ করতে পারে। ধারাবাহিক মানাঙ্কণের একইভাবে গঠনমূলক মানাঙ্কনের কোর্সের ফলোআপের উদ্দেশ্যে টার্মিনাল মানাঙ্কন ব্যবহৃত হতে পারে।



#### ৪) কোর্স ওয়ার্ক বনাম পরীক্ষা :

কোর্স চলাকালীন বা কোর্সের সমাপ্তিতে শিক্ষার্থীর দ্বারা সম্পাদিত কোর্স ওয়ার্ক(স) শিক্ষার্থীর মানাঙ্কনের ভিত্তি হতে পারে অথবা কোর্স চলাকালীন বা কোর্সের সমাপ্তিতে শিক্ষার্থীর দেওয়া পরীক্ষা মানাঙ্কনের ভিত্তি হতে পারে। কোর্স চলাকালীন বিভিন্ন পয়েন্টে কোর্স বা পরীক্ষার মূল্যায়ন কোর্স শেষে একত্রিত করলে তা চূড়ান্ত মূল্যায়নের উদ্দেশ্যে সিদ্ধ করে।

#### ৫) প্রক্রিয়া বনাম উৎপাদন মানাঙ্কন :

মূল্যায়নের জন্য ভিত্তি হতে পারে চূড়ান্ত উৎপাদন অথবা প্রদত্ত কাজের অথবা কাজ সংস্বানের বিভিন্ন পর্যায়ের কর্মসম্পাদন (একটা গবেষণা কর্মের ক্ষেত্রে)। যখন শিক্ষার্থীকে মূল্যায়িত করা হবে। একজন দৃষ্টি দেবে প্রদত্ত সমস্যার সঠিক সমাধানের অথবা প্রদত্ত সমস্যার সমাধানের ধারাবাহিক পর্যায়ের শুদ্ধি বিবেচনা করতে পারে (সমস্যা সমাধানের কর্মে)। যদি আমরা সাবকটি করি তাহলে উৎপাদন মানাঙ্কনে নিয়োজিত হবো। যদি আমরা পরবর্তীতে করি, তাহলে আমরা প্রক্রিয়া মানাঙ্কনে নিয়োজিত হবো।

#### ৬) আভ্যন্তরীণ মানাঙ্কন বনাম বাহ্যিক মানাঙ্কন :

একজন ব্যক্তি যিনি বাইরের এবং যিনি শিক্ষকের সঠিক পদ্ধতির সংযুক্ত নন, তিনি শিক্ষার্থীর ক্ষমতার মূল্যায়ন করেন। এই মানাঙ্কনকে বাহ্যিক মানাঙ্কন বলা হয়। এ ক্ষেত্রে শিক্ষার্থী ও মূল্যায়ন উভয়েই উভয়ের কাছে অপরিচিত। যখন শিখনের মাপকাঠির জন্য দায়ি ব্যক্তি মানাঙ্কন করেন তখন এটি হয় আভ্যন্তরীণ মানাঙ্কন। আভ্যন্তরীণ মানাঙ্কনের ক্ষেত্রে পান্ডিত্যপূর্ণ এবং পান্ডিত্যহীন ক্ষমতা গঠনমূলক ও চূড়ান্ত মানাঙ্কন দুটোই সম্ভব। বাহ্যিক মানাঙ্কন শুধুমাত্র পান্ডিত্যপূর্ণ ক্ষমতার চূড়ান্ত মূল্যায়নের ক্ষেত্রে প্রয়োজ্য।

#### প্রক্রিয়া নির্দিষ্ট বিভাগ :

কখনো কখনো অভিক্ষার ধরণগুলিকে চিহ্নিত করা যায় অভীক্ষা নির্মাণের প্রক্রিয়া ভিত্তিতে। আমরা দুজোড়া গঠনমূলক অভিক্ষার ধরণের কথা বলতে পারি এই বিভাগে।

### ১) শিক্ষককৃত অভীক্ষা বনাম আদর্শায়িত অভীক্ষা:

আদর্শায়িত অভীক্ষা বাগিজিকভাবে উৎপাদিত অভিক্ষাগুলি যা নৈর্ব্যক্তিকতা ও নির্ভুলতার চাহিদা মেটাতে নিখুঁতভাবে পর্যকরী পদ্ধতি অনুসরণ করা। তারা চূড়ান্ত করে উদ্দেশ্য প্রনয়ন এর নির্মাণ পদ্ধতি অভীক্ষার প্রতিচিত্র নকশা করা, পদের চেষ্ঠাগুলি নিয়োগ করা, পদ বিশ্লেষণ এবং বা পুনর্বিবেচনা মাধ্যমে অন্যদিকে, শিক্ষককৃত অভিক্ষাগুলি এমন পদ্ধতির দ্বারা কঠোরভাবে পরিচালিত হয় না যা শিক্ষক অভীক্ষাগুলি প্রস্তুত করছেন তিনি অভীক্ষার এলাকার বিষয়গুলির সুযোগ সম্পর্কে বিচক্ষণতাকে ব্যবহার করবেন। আদর্শায়িত অভীক্ষাগুলি আহরণ করে তাদের নাম বিস্তৃত নির্দিষ্ট নির্দেশিকার মাধ্যমে প্রশমিত, ফ্লোরিং ও ব্যাখ্যার আদর্শায়িত প্রক্রিয়াকে নিশ্চিত করা সত্যের দ্বারা।

যেখানে শিক্ষককৃত অভিক্ষার কাজ করা জন্য নকশা করা হয় শ্রেণীকক্ষে সীমাবদ্ধ পরিস্থিতিতে। একটি আদর্শায়িত অভীক্ষার নকশা করা হয় একটি শ্রেণীকক্ষ, একটি প্রতিষ্ঠান বা এমনকী একটি অঞ্চলের বাধা অতিক্রম একটি বড় কর্মরত পরিস্থিতিতে। একটি আদর্শায়িত অভীক্ষা মনোনীত হতে পারে বিভিন্ন অণুষ্ঠানে এবং বিভিন্ন অঞ্চলগুলিতে বিভিন্ন শ্রেণীকক্ষগুলিতে বিভিন্ন শিক্ষক / প্রতিষ্ঠানগুলির দ্বারা ব্যবহারের জন্য।

### ২) নর্মাভিত্তিক অভীক্ষা বনাম নির্নায়ক ভিত্তিক অভীক্ষা:

নর্মাভিত্তিক অভীক্ষার উদ্দেশ্য, উচ্চ অর্জনকারি ও নিম্ন অর্জনকারীর মধ্যে ভেদ করা। এর লক্ষ্য নয় কী বা কীভাবে শিখেছে। এর লক্ষ্য একজন কোথায় দাঁড়িয়ে আছে অন্যের ঘীশক্তি / উচ্চতার নিরিখে। এটা মানাঙ্কণ করে একটি অভীক্ষার আদর্শ মান পারদর্শিতায় একজনের ক্ষমতার।

নির্নায়কভিত্তিক অভীক্ষার উদ্দেশ্য হচ্ছে নৈর্ব্যক্তিক মানাঙ্কনের। এটা নৈর্ব্যক্তিক ভিত্তির অভীক্ষা। নৈর্ব্যক্তিক ধরণের অভীক্ষা হচ্ছে নৈর্ব্যক্তিক কেন্দ্রিক, ছাত্র/ছাত্রীদের মধ্যে আচরণগত পরিবর্তনের নিরিখে মানাঙ্কিত। শিক্ষার্থীদের নির্নায়ক আচরণের নিরিখে একজনের ছাত্রের/ ছাত্রীর ক্ষমতার মানাঙ্কণ করে এটা।

## ২.৩. আদর্শায়িত ও শিক্ষককৃত অভীক্ষার ধারণা:

যখন বৃহত্তর দৃষ্টিভঙ্গিতে মূল্যায়নের ধারণাকে নেওয়া যায়, তখন আমরা

আদর্শায়িত অভীক্ষার কথা বলব। আদর্শায়িত অভীক্ষাগুলি হতে পারে আদর্শায়িত পারদর্শিতার অভীক্ষা আদর্শায়িত বুদ্ধিমত্তার অভীক্ষা ইত্যাদি। শিক্ষণ শিখনের পরিস্থিতিতে আদর্শায়িত পারদর্শিতার অভীক্ষার কথা হতে পারে।

আদর্শায়িত পারদর্শিতার অভীক্ষা হচ্ছে সাধারণত নমভিত্তিক অভীক্ষ, যেটা বিভিন্ন বিষয়বস্তুর ও দক্ষতার এলাকার কিছু সাধারণ উল্লেখ্য গোষ্ঠিতে ছাত্রছাত্রীদের কর্মক্ষমতার তুলনার দ্বারা একজন ছাত্রের পারদর্শিতার স্তরের পরিমাপ। বিষয়ের বিশেষজ্ঞদের দ্বারা আদর্শায়িত অভীক্ষাগুলি প্রস্তুত করা এবং এটা শিক্ষককৃত অভীক্ষাগুলির তুলনায় বেশি বৈধ ও নির্ভরশীল।

আদর্শায়িত অভীক্ষাগুলির পদের গুণ হচ্ছে খুব উচ্চ। পদগুলি প্রণয়ন করা হয়েছে বিশেষজ্ঞদের দ্বারা, এগুলি পূর্ব-অভীক্ষিত এবং কার্যকরিতার ভিত্তিতে নির্বাচিত। আদর্শায়িত অভীক্ষাগুলির নির্ভরযোগ্যতা খুব উচ্চ, সাধারণত ৮০ থেকে ৯৫ এর মধ্যে, ৯০ এর আশেপাশে থাকে। একটি অভীক্ষার আদর্শায়িত হওয়ার প্রক্রিয়া চলাকালীন বিষয়ের বিশেষজ্ঞের কিছু নির্দিষ্ট নির্দেশ মেনে চলতে হয়। অভীক্ষার দ্বারা প্রাপ্ত স্কোর তুলনীয় হতে পারে নর্মগ্রুপের সঙ্গে।

### আদর্শায়িত অভীক্ষার বৈশিষ্ট্য:

আদর্শায়িত অভীক্ষাগুলির বৈশিষ্ট্যগুলি হল -

- অভীক্ষার পদগুলি যথার্থ ও নির্ভরযোগ্যতার সঙ্গে উচ্চ প্রযুক্তিগত গুণের।
- পদগুলির বিকাশ ঘটে বিষয় বিশেষজ্ঞের দ্বারা।
- পদগুলি কাঠিন্য ও বৈষম্যমূলক শক্তির ভিত্তিতে প্রাক-অভীক্ষিত ও নির্বাচিত।
- এই অভীক্ষাগুলি প্রশাসনের নির্দেশাবলী দেওয়া হয়।
- পেপারের স্কোরিং এর সময় পরীক্ষকদের স্কোরিং কী প্রদত্ত হয়।
- নর্মের ভিত্তি একই স্তরের ছাত্রদের জাতীয় নমুনা, যেখানে অভীক্ষাটি অভীক্ষাস্কোর ব্যাখ্যার জন্য উপকরণ হিসাবে ব্যবহৃত হয়।
- অভীক্ষার ম্যানুয়াল এবং অন্যান্য প্রয়োজনীয় আনুষঙ্গিক দিক উপাদান অন্তর্ভুক্ত হয় নির্দেশ হিসাবে অভীক্ষার প্রশমিত ও স্কোরিং এর জন্য এর প্রযুক্তিগত গুণ মূল্যায়িত

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

## টিপ্পনী

করার জন্য, ব্যাখ্যার জন্য এবং ফল ব্যবহারের জন্য।

- আদর্শায়িত অভীক্ষার নির্ভরযোগ্যতা সাধারণত ৯০ এর মতো।
- নর্মের বিকাশ হোল আদর্শায়নের পদ্ধতির একটি অংশ।
- আদর্শায়িত অভীক্ষাগুলি সাধারণত মেনে চলে চারটি ধো। যেমন - পরিচালনা, প্রস্তুতি, চেষ্টা এবং মূল্যায়ন।
- আদর্শায়িত অভীক্ষার সাধারণত নৈর্ব্যক্তিক ধরনের পদ ব্যবহৃত হয়।
- একটি আদর্শায়িত অভীক্ষার সমস্ত পদগুলি কাঠিন্যের নিম্নস্তর থেকে উচ্চতর স্তরে আয়োজিত করা হয়।
- মৌলিক গবেষণার ক্ষেত্রে আদর্শায়িত অভীক্ষাগুলি দরকারী।

আদর্শায়িত অভীক্ষাগুলির ক্ষেত্রে আদর্শায়নের পদ্ধতিতে এই উপাদানগুলি অন্তর্ভুক্ত -

- বিষয়বস্তুর আদর্শায়ন
- প্রশানের পদ্ধতির আদর্শায়ন
- স্কোরিং পদ্ধতির আদর্শায়ন
- ব্যাখ্যা পদ্ধতির আদর্শায়ন।

### আদর্শায়িত অভীক্ষাগুলির জন্য ধাপগুলি:

একটি শিক্ষককৃত অভীক্ষা তার নির্মাণের জন্য দুটো মাত্র ধাপ পরিকল্পনা ও প্রস্তুত মেনে চলে। কিন্তু আদর্শায়িত ও অভীক্ষা চারটি ধাপ মেনে চলে।

#### ১) অভীক্ষার পরিকল্পনা:

পরিচালনার পর্যায়ে বিষয় বিশেষজ্ঞরা সমগ্র অভীক্ষার পরিকল্পনা করেন। এটা নিম্নলিখিত উপাদান ধারণ করে।

- অভীক্ষার দ্বারা কোন একক আবৃত হল?
- অভীক্ষার কোন ধরনের প্রশ্ন অন্তর্ভুক্ত হল?
- কোন নির্দেশনানুলক উদ্দেশ্য অভীক্ষিত হচ্ছে?

- অভীক্ষায় কতটা পদ অন্তর্ভুক্ত হতে পারে?
- কতটা পরিমাণে মোট নম্বর অভীক্ষায় দেওয়া যেতে পারে?
- কতটা নির্দেশ অভীক্ষায় দেওয়া হতে পারে?
- কীভাবে স্কোরিং কি প্রস্তুত করা যেতে পারে?

এই পর্যায়ে অভীক্ষার সমস্তকিছু পরিকল্পিত হয়। পদ ও উদ্দেশ্যের ধরণ অনুযায়ী বিভিন্ন বিষয় অঞ্চলের নৈর্ব্যক্তিক, প্রশ্নের ধরণ ও গুরুত্বের ধারণা দেওয়া হবে একটি অভীক্ষায় তার প্রতিচিত্র প্রস্তুত করা হয়। একটা অভীক্ষকে সচল করতে অবশ্যই পরিকল্পনায় যত্নবান হওয়া প্রয়োজন।

## ২) অভীক্ষার প্রস্তুতি:

আদর্শায়িত অভীক্ষা নির্মানের দ্বিতীয় পর্যায় হল প্রস্তুতির। এই ক্ষেত্রে নিম্নলিখিত পয়েন্টগুলি মনে রাখতে হবে-

- অভীক্ষা পদগুলির ধরণ।
- অভীক্ষা পদগুলির পরিচালনা।
- প্রশাসন ও স্কোরিং এর জন্য পরিচালনা।
- প্রশ্ন অনুযায়ী বিশ্লেষণ তালিকা।

পরিচালনার পর্যায় আদর্শায়িত অভীক্ষার ক্ষেত্রে একটা তত্ত্বমূলক ধারণা। কিন্তু প্রস্তুতির পর্যায় হল ব্যবহারিক ধারণা। এই পর্যায়ে সমস্ত পদ, নির্দেশনা ইত্যাদি প্রস্তুত করেন বিষয় বিশেষজ্ঞরা।

## ৩) অভীক্ষার চেষ্টা:

চেষ্টার ধাপের সময় প্রশাসক কিছু নমুনা সংগ্রহ করেন এবং তাদের উপর একই অভীক্ষা করেন। অভীক্ষা পদগুলিকে বেশি বৈধ ও নির্ভরযোগ্য করার জন্য কখনো কখনো প্রাথমিক চেষ্টা ও চূড়ান্ত চেষ্টা তৈরি করা হয়। ওচূড়ান্ত অভীক্ষায় পদের নম্বরের চূড়ান্তকরণের অন্তর্ভুক্তির জন্য চেষ্টা পর্যায়ের ধাপ সাহায্য করে।

এই ধাপ সম্পর্কে স্পষ্ট বোঝার জন্য আমরা একটা উদাহরণ দিতে পারি। ধরা যাক, অসমের দশমের শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য একটা আদর্শায়িত অভীক্ষা প্রস্তুত করা

## টিপ্পনী

## টিপ্পনী

হল। সমস্ত পদের প্রস্তুতির পর, অসমের ছাত্রছাত্রীদের জন্য একটা নমুনার উপরে এই অভীক্ষা পরিচালিত হল। এই চেষ্টা অভীক্ষা সাহায্য করবে কমজোরি পদগুলি বাতিল করে পদগুলির উন্নতি ঘটাতে। যেগুলির উন্নতির প্রয়োজন, পদের নম্বরের চূড়ান্তকরণ করে অভীক্ষার চূড়াও খসড়া অন্তর্ভুক্ত করবে। এর উত্তরপত্রের স্কোর করা হয় স্কোরিংকী অনুযায়ী। এখন, স্কোর তৈরি হয়েছে পদ বিশ্লেষণ ও অভীক্ষার মূল্যায়নের জন্য।

### ৪) মূল্যায়িত অভীক্ষা:

এখন পদগুলির স্কোর তৈরি মূল্যায়নের জন্য পদগুলি বৈধ কিংবা অবৈধ ভাল বা মন্দ, নির্ভরযোগ্য বা অনির্ভরযোগ্য - সবকিছু নির্ণয় এই পর্যায়ে। মূল্যায়নের উদ্দেশ্যের জন্য এই পয়েন্টগুলি মেনে চলা হয় -

- পদগুলির বিশ্লেষণ করা চূড়ান্ত অভীক্ষায় অন্তর্ভুক্তির বিবেচনার জন্য।
- অভীক্ষার বৈধতা নির্ভরযোগ্যতা নির্ণয় করার জন্য।
- অভীক্ষার নৈর্ব্যক্তক ও মানাঙ্কিত করা জন্য।

এইসমস্ত ধাপ অতিক্রমের পর অভীক্ষার চূড়ান্ত ড্রাফট প্রস্তুত। পদের চূড়ান্ত খসড়ায় বৈধতা, নৈর্ব্যক্তিকতা, ব্যবহারযোগ্যতা ও নির্ভরযোগ্যতা। যথাযথ কঠিন স্তর এবং সন্তোষজনক বৈষম্যমূলক শক্তির সঙ্গে রাখা হয়।

### শিক্ষককৃত অভীক্ষা:

শিক্ষণ - শিখন পরিস্থিতিতে মূল্যায়ন হচ্ছে চ্ছেদ্য অংশ। কতদূর নির্দেশনামূলক উদ্দেশ্য পারদর্শিত হল, কতদূর শিখনের সহপাঠক্রম ও পদ্ধতি ছাত্রছাত্রীদের পক্ষে উপযুক্ত এবং সবকিছু জানা যেতে পারে মূল্যায়ন প্রক্রিয়ার মধ্য দিয়ে। অভীক্ষা হল মূলভায়নের কেটি সাধনী। শ্রেণীকক্ষের পরিস্থিতিতে শিক্ষক বিকাশ ঘটাবে সেই অভীক্ষার যা ছাত্রছাত্রীদের পারদর্শিতার পরিমাপ ও মূল্যায়ন করবে। বিভিন্ন বিষয়ের শিক্ষণ তাদের ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন অভীক্ষা গঠন করবে। শিক্ষককৃত অভীক্ষাগুলি উদ্দেশ্য কতদূর পূর্ণ করবে তা জানা, শিখনের অসুবিধাগুলি নির্ণয় করা, নির্দিষ্ট প্রতিকার পরিমাপের ব্যবস্থা করা, পুরস্কার, গ্রেড ইত্যাদি। শিক্ষককৃত অভীক্ষার ভিত্তি হল শিক্ষকের নিজস্ব শ্রেণি বা বিদ্যালয় নির্দিষ্ট বিষয়বস্তু ও উদ্দেশ্য। এটা লেনদেন করে নির্দিষ্ট সীমাবদ্ধ বিষয় বা দক্ষতা বা জ্ঞান ও দক্ষতার বৃহত্তর অংশের সঙ্গে। সাধারণত শিক্ষককৃত অভীক্ষাগুলি আদর্শযাবিত

অভীক্ষাগুলির থেকে কম নির্ভরযোগ্য। এর ব্যবহার সীমাবদ্ধ, একটা শ্রেণি বা একটি বিদ্যালয়ের পরিপ্রেক্ষিতে। স্থানীয় পাঠক্রমের বিষয়বস্তু ও ফলাফল ভালভাবে গৃহীত হয় শিক্ষককৃত অভীক্ষায়।

ক্রমাগত অভিযোজনের নমনীয় সামর্থ্য প্রক্রিয়ার নতুন বস্তুর ও বদলের মাপে ঘটে। জটিল শিখনের ফলাফল এটা প্রায়ই অবহেলা করে।

শিক্ষককৃত অভীক্ষাগুলির পদের গুণ আদর্শায়িত অভীক্ষাগুলির থেকে নিম্নতর, কারণ, শিক্ষকের সময়ের সীমাবদ্ধতা এবং প্রাক অভীক্ষা পদগুলির সুযোগের অভাব। স্থানীয় বিদ্যালয়ের ক্ষেত্রে শিক্ষককৃত অভীক্ষাগুলি তুলনায় ও ব্যাখ্যা সীমিত। শিক্ষককৃত অভীক্ষাগুলি ছাত্রছাত্রীদের প্রতিদিনের বিভিন্ন ধরনের এককের কাজের অগ্রগতি ও পারদর্শিতার মূল্যায়ন করে।

আদর্শায়িত অভীক্ষাগুলি নির্মাণের জন্য চারটি ধাপ মেনে চললেও শিক্ষককৃত অভীক্ষা মেনে চলে দুটি ধাপ। এই ধরনের অভীক্ষাগুলির জন্য আদর্শায়নের কঠোর পদ্ধতি মেনে চলতে হয় না। পদের কঠোর বিশ্লেষণ মেনে চলে না, তাদের বৈধতা ও নির্ভরযোগ্যতা কঠোরভাবে মূল্যায়িত হয় না। শিক্ষককৃত অভীক্ষাগুলি দুটো ধাপের মধ্য দিয়ে যায় - অভীক্ষার পরিকল্পনা ও প্রস্তুতি।

## ২.৪. সু অভীক্ষার বৈশিষ্ট্য:

একটি শিক্ষাগত অভীক্ষা একটি অভীক্ষা নয় যা বিষয়ের অধ্যয়নের পারদর্শিতা পরিমাপ করে, কিন্তু মনোবৈজ্ঞানিক অভীক্ষা শিক্ষার্থী সকল প্রকার বিকাশ পরিচালনা করে থাকে। আমারিকান মনোবৈজ্ঞানিক Anne Anastasi এর মতে, 'Psychological test is essentially an objective and standardized measure of a sample of behaviours.'

আমেরিকান মনোবৈজ্ঞানিক F.S. Freeman এর মতে, 'It is a standardized instrument designed to measure objectively one or more aspects of a total personality by means of samples of verbal or non-verbal response, or by means of other behaviours.'

একটি অভীক্ষা নির্বাচিত একটি উদ্দেশ্য এবং প্রতিক্রিয়া খুঁজে বের করার জন্য

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

47

## টিপ্পনী

সংগঠিত হয় যা তাদের সাথে সমপর্ণযুক্ত ব্যক্তির মধ্যে কিছু মনোবৈজ্ঞানিক সংলক্ষণ প্রকাশ করতে পারে মনস্তাত্ত্বিক অভীক্ষার দুর্বলতা নির্ণায়ক বা পূর্বাভাষের মান ডিগ্রির উপর নির্ভর করে, যা এটি একটি অপেক্ষাকৃত বিস্তৃত ও উল্লেখযোগ্য ক্ষেত্রের একটি সূচক হিসাবে কাজ করে। এটি সুস্পষ্ট যে একটি অপেক্ষাকৃত বিস্তৃত ও উল্লেখযোগ্য ক্ষেত্রের একটি সূচক হিসাবে কাজ করে। এটি সুস্পষ্ট যে একটি মনোবৈজ্ঞানিক অভীক্ষা তার সমগ্র সম্পাদন সম্পর্কে সাধারণীকৃত বিবৃতি তৈরীর জন্য ব্যক্তি আচরণের বিভিন্ন দিক পরিমাণগত এবং গুণগতভাবে পরিমাপ করে।

নিম্নে সুঅভীক্ষার বিভিন্ন বৈশিষ্ট্যগুলি আলোচিত হল:

- অভীক্ষার যথার্থতা।
- অভীক্ষার নির্ভরযোগ্যতা
- অভীক্ষার নৈর্ব্যক্তিকতা
- অভীক্ষার ব্যবহার যোগ্যতা
- অভীক্ষার ব্যাপকতা এবং সঠিকতা
- অভীক্ষার পরিচালনা
- অর্থনৈতিক দিক থেকে অভীক্ষা
- অভীক্ষার সহজলভ্য
- অভীক্ষার অধিষ্ঠান
- অভীক্ষার আদর্শায়ন
- অভীক্ষার নর্ম

নিম্নে কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য বিস্তারিতভাবে আলোচনা করা হল:

### ১. যথার্থতা:

কোনো অভীক্ষা ব্যক্তির যে মানসিক বা শিক্ষাগত বৈশিষ্ট্যকে পরিমাপের জন্য প্রস্তুত করা হয়েছে, অভীক্ষাটি কতটা নিখুঁত ও সার্থকভাবে তা পরিমাপ সক্ষম হচ্ছে তার মাত্রাই হল অভীক্ষাটির যথার্থতা। যদি অভীক্ষার নৈর্ব্যক্তিকতা পরিপূর্ণ হয়ে যাব তখন আমরা বলতে পারি অভীক্ষাটি যথার্থ ধরায়াক গণিতের একটি পারদর্শীতার অভীক্ষা



যেমাত্রায় বা যতটা নির্ভুলভাবে শিক্ষার্থীর গণিতের একটি পারদর্শীতার অভীক্ষা যে মাত্রায় বা যতটা নির্ভুলভাবে শিক্ষার্থীর গণিতের জ্ঞান পরিমাপ সক্ষম তাকেই বলে অভীক্ষার যথার্থতা, সুঅভীক্ষার যথার্থতা একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য, যদি অভীক্ষার অন্য কোনো প্রকার সুযোগ সুবিধা থাকলেও যথার্থতা না থাকলে অভীক্ষাটি মূল্যহীন।

আমেরিকান শিক্ষামূলক মনোবৈজ্ঞানিক Lee J. Crobach বলেন - যথার্থতা বলতে উদ্দেশ্য পরিমাপের সেই সীমাকে বোঝায় যে সীমা পর্যন্ত অভীক্ষা বা পরিমাপকটি উদ্দেশ্য পরিমাপে সক্ষম।

## ২. নির্ভরযোগ্যতা:

নির্ভরযোগ্যতা হল স্থিরতা বা অপরিবর্তনীয় মাত্রা। যদি কোনো শিক্ষাগত বা মনোবৈজ্ঞানিক অভীক্ষা দ্বারা একই শিক্ষার্থীর একই বৈশিষ্ট্য প্রায় একই পরিস্থিতিতে একাধিকবার পরিমাপ করলে একই ফল সবসময় পাওয়া যাবে তাহলে অভীক্ষাটিকে এবং প্রাপ্ত পরিমাপটিকে নির্ভরযোগ্য বলা হয়।

উদাহরণস্বরূপ বলা যায়, আমরা ক্লাস IX এর শিক্ষার্থীদের পারদর্শীতার অভীক্ষা পরিচালনা করি, তাহলে অভীক্ষায় যদি দেখা যায় পরেশ ৫২ নম্বর পেয়েছে। কিছুদি পর ঐ একই অভীক্ষা শিক্ষার্থীদের উপর নেওয়া হল এবং পরেশ পুনরায় ৫২ নম্বরই পেল। তাহলে আমরা বলতে পারি যে অভীক্ষাটি নির্ভরযোগ্য কারণ অভীক্ষাটির স্থায়ীত্ব।

## ৩. নৈর্ব্যক্তিকতা:

নৈর্ব্যক্তিকতাও সুঅভীক্ষার একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য অভীক্ষার নৈর্ব্যক্তিকতা ব্যাতিত অভীক্ষার যথার্থতা ও নির্ভরযোগ্যতার ক্ষেত্রে প্রশ্ন থেকে যায়। যথার্থতা এবং নির্ভরযোগ্যতার এটি পূর্বশর্ত। অভীক্ষার নৈর্ব্যক্তিকতা দুটি দিক নির্দেশিত করে : পদের নৈর্ব্যক্তিকতা এবং স্কোরের নৈর্ব্যক্তিকতা।

পদের নৈর্ব্যক্তিকতা বলতে বোঝায় নির্দিষ্ট একটিই উত্তর নৈর্ব্যক্তিকধর্মী প্রশ্ন একটিই উত্তর হবে তা প্রত্যাশা করা যায়। যখন প্রশ্ন গঠন করা হবে তখন কিছু বিষয় মনে রেখে প্রশ্ন গঠন করতে হয়। যেমন বিভ্রান্তিকর প্রশ্ন পরিত্যাগ, নির্দেশনাগুলি যেন স্পষ্ট ও সংক্ষিপ্ত নয়, প্রশ্নের মধ্যে কোনো অস্পষ্টতা না থাকে, প্রশ্নের পুনরাবৃত্তি যেন না হয় ইত্যাদি, এই বিষয়গুলি অভীক্ষার নৈর্ব্যক্তিকতাকে প্রভাবিত করে। উদাহরণ হিসাবে বলা

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

## টিপ্পনী

যায় যে, ধরা যাক শিক্ষার্থীদের প্রশ্ন করা হল গান্ধী সম্বন্ধে লেখ। এই প্রশ্নের কোনরূপ নৈর্ব্যক্তিকতাও নেই কারণ বিভিন্ন পরিপ্রেক্ষিতে এই প্রশ্নের উত্তর হয় ফলে তার মূল্যায়ন ও বিভিন্নভাবে হয়ে থাকে। যদি জিজ্ঞাসা করা হত ‘গান্ধীজির পিতার নাম কি?’ এই প্রশ্নহনের একটিই উত্তর হবে এবং পরীক্ষকের মূল্যায়নের ক্ষেত্রে পক্ষপাতিত্বও হবে না, সুতরাং একে নৈর্ব্যক্তিক পদ বলা যায়।

### 8. ব্যবহারযোগ্যতা :

অভীক্ষার ব্যবহারযোগ্যতা সাধারণত প্রায়োগিকতাকে বোঝায় এটি বলতে বোঝায় কতটা মাত্রায় সফলভাবে শিক্ষক বা মূল্যায়নকারি অভীক্ষাটি ব্যবহার করতে পারছে। অভীক্ষার ব্যবহারযোগ্যতা নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে দিয়ে প্রকাশিত হয়ে থাকে -

(ক) বোধগম্যতা : অভীক্ষা পদ গুলি বিভ্রান্তি থেকে মুক্ত থাকতে হয়ে এবং সঠিক নির্দেশনার মধ্য দিয়ে যাতে বোধগম্য হয় এবং সুস্পষ্ট হয় তা লক্ষ্য রাখতে হবে।

(খ) সহজে প্রয়োগ করা : সাধনী বা কৌশল প্রয়োগ সম্পর্কিত নির্দেশনা সহজ এবং স্পষ্ট হবে।

(গ) সহজলভ্যতা : অভীক্ষাটি যদি সহজে পাওয়া না যায় তাহলে তার ব্যবহারযোগ্যতা কম যাবে। বেশির ভাগ আদর্শায়িত অভীক্ষাই উচ্চ যথার্থতা এবং নির্ভরযোগ্যতা কিন্তু সহজলভ্যতার অভাবের জন্য তার ব্যবহার্যতা কমে গেছে।

(ঘ) আর্থিক দিক থেকে সাশ্রয়কারী : উত্তম অভীক্ষার অন্যতম বৈশিষ্ট্য হল আর্থিকদিক থেকে সাশ্রয়কারী তবে একথাও মনে রাখা আবশ্যিক গবেষণার ক্ষেত্রে আর্থিক ব্যয়ের সাথে আপস করা উচিত নয়। তার সাথে সাথে সময় সাশ্রয়কারী দিকটির উপরও গুরুত্ব দিতে হবে।

(ঙ) সহজ মন্তব্যকরণ : সংগৃহীত তথ্য থেকে প্রাপ্ত স্কোরের মন্তব্যকরণ যেন জটিল না হয়।

(চ) সহজ স্কোরিং : অভীক্ষার স্কোরিং পদ্ধতিটিও সহজ সরল করতে হয়।

## ২.৫. নির্ভরযোগ্যতা: অর্থ এবং পদ্ধতি:

নির্ভরযোগ্যতা স্থিরতার সহিত জড়িত কোনো পরিমাপক যন্ত্রের নির্ভরযোগ্যতা বলতে বোঝায় উক্ত যন্ত্র দ্বারা যদি কোনো বস্তুকে সদৃশ পরিস্থিতিতে দুবার পরিমাপ করা যায় তাহলে ফল সমান হবে। একই অর্থে অভীক্ষার নির্ভরযোগ্যতা হবে যদি একই অভীক্ষার কোনো ব্যক্তিকে সমপরিস্থিতিতে পরিমাপ করা হয়, তাহলে ফল একই হবে বলা হযে, একটি নিখুঁত নির্ভরযোগ্য পরিমাপক দ্বারা যদি একদল ব্যক্তিকে দুবার পরিমাপ করা হয়ে থাকে, তাহলে উক্ত দুদলের মধ্যে সহসম্পর্কের মাণ হবে ১.০০।

### বৈশিষ্ট্য:

নিম্নে নির্ভরযোগ্যতার বৈশিষ্ট্য আলোচনা করা হল:

- এটি একটি পরিমাপক সাধনার অভীক্ষার বা পুনঃঅভীক্ষার উপর সুসংগত ফলাফল উপর সুসংগত ফলাফল উৎপাদনের মাত্রাকে বোঝায়।
- এটি যেকোন অভীক্ষার স্তরের আভ্যন্তরীণ সামঞ্জস্যতা নির্দেশ করে। যেমন কতটা সঠিকতার সাথে অভীক্ষাটি পরিমাপিত।
- নির্ভরযোগ্যতা প্রয়োজনীয় কিন্তু যথার্থতার ক্ষেত্রে অপ্ৰয়োজনীয় শর্ত।
- এটি পরিমাপ সাধনীর সাথে প্রাপ্ত ফলাফলকে বোঝায় এবং সাধনী নিজেই নয়।
- নির্ভরযোগ্যতা একটি অভীক্ষায় ফলাফলের সাথে একটি নির্দিষ্ট ধরণের স্থিতিশীলতাকে বোঝায়।
- নির্ভরযোগ্যতা একটি রাষিবিজ্ঞানগত ধারণা।
- এটি একটি পরিমাপক যন্ত্রের সঠিকতা নির্দেশ করে।
- ইহা আভ্যন্তরীণ সামঞ্জস্যতার সহগাঙ্ক এবং স্থিরতা।
- ইহা একটি অভীক্ষার দৈর্ঘ্যের কার্যকারিতা।

### নির্ভরযোগ্যতা নির্ণয়ের পদ্ধতি:

যখন আদর্শাতি অভীক্ষার নির্ভরযোগ্যতার সহগাঙ্ক পরীক্ষিত হয়, তখন নির্ভরযোগ্যতা নির্ণয়ের জন্য পদ্ধতির ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। American

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

## টিপ্পনী

Psychological Association (APA) নির্ভরযোগ্যতা নির্ণয়ের জন্য বিভিন্ন রকম পদ্ধতির সূচনা করেছে। নির্ভরযোগ্যতা নির্ণয়ের প্রধান পদ্ধতি এখানে দেখানো হল। প্রতিটি পদ্ধতি থেকে নির্ভরযোগ্যতা নির্ণয়ের প্রধান পদ্ধতি এখানে দেখানো হল। প্রতিটি পদ্ধতি থেকে নির্ভরযোগ্যতার সহগাঙ্ক অনুসন্ধান করে ধারাবাহিক শ্রেণী অনুযায়ী ব্যাখ্যা করা আবশ্যিক।

### ১) পরীক্ষা পুনঃপরীক্ষা পদ্ধতি :

কোনো অভিক্ষার নির্ভরযোগ্যতা নির্ণয়ের সবচেয়ে সহজ হল পরীক্ষা পুনঃপরীক্ষা এই পদ্ধতিতে বিবেচ্য অভীক্ষাটি একদল শিক্ষার্থীর উপর প্রায় একই পরিস্থিতিতে শুধুমাত্র সময়ের ব্যবধানে পরপর দুবার প্রয়োগ করা হ দুটি ভিন্ন পরিস্থিতিতে শিক্ষার্থীদের প্রাপ্ত স্কোর বন্টন দুটির মধ্যে সহগতির সহগাঙ্ক নির্ণয় করা হয়। এই সহগতির সহগাঙ্কই হল অভীক্ষাটির নির্ভরযোগ্যতার সহগাঙ্ক। এই নির্ভরযোগ্যতা সহগাঙ্ক প্রাপ্ত স্কোরের স্থায়িত্ব নির্দেশ করে থাকে। সাধারণত বুদ্ধি, আগ্রহ, প্রবণতা ইত্যাদি অভীক্ষায় এই নির্ভরযোগ্যতা নির্ণয় করা হয়।

যখন আমরা স্থায়িত্ব পরিমাপ করে থাকনো তখন মূল্যায়নের ক্ষেত্রে সময়ের ব্যবধানটি খুবই গুরুত্বপূর্ণ যদি সময়ের ব্যবধান কম থাকে যেমন এক বা দুদিন, তখন ফলাফলের সামঞ্জস্যতা স্ফীত হয়ে যায় আবার যদি সময়ের ব্যবধান খুব বেশী থাকে তখন ফলাফল শুধুমাত্র অস্থিরতাই হয়না তার সাথে শিক্ষার্থীর অভিজ্ঞতারও পরিবর্তনও ঘটে থাকে। তাই অভীক্ষার প্রথম এবং দ্বিতীয় প্রয়োগের মধ্যে যথার্থ সময়ের ব্যবধান রাখা উচিত যাতে স্মৃতিশক্তি, অনুশিলন, অভিজ্ঞতা সঞ্চালন, বিস্মৃতি নির্ভরযোগ্যতা সহনাক্ষকে প্রভাবিত করতে না পারে।

### পরীক্ষা - পুনঃ-পরীক্ষা পদ্ধতির ত্রুটি :

পরীক্ষা পুনঃ - পরীক্ষা পদ্ধতিতে নিম্নলিখিত ত্রুটি গুলি লক্ষ্য করা যায় :

- অভীক্ষা প্রয়োগের সমপরিস্থিতি বজায় রাখা অনেক ক্ষেত্রে সম্ভব হয় না। ফলে স্কোরের অস্থায়িত্ব পরিলক্ষিত হয়।
- দুবার পরিচালনার ক্ষেত্রে ব্যক্তির স্বাস্থ্য, প্রাক্ষিভিক অবস্থা, মানসিক স্বাস্থ্য, প্রেষণা এবং মানসিক অবস্থা একই রকম থাকে না।

- অভীক্ষাটি দুবার প্রয়োগের ক্ষেত্রে যদি সময়ের ব্যবধান খুব কম হয় তাহলে শিক্ষার্থীর অনুশীলন, স্মৃতি, অভিজ্ঞতা সঞ্চালনের জন্য দ্বিতীয়বার প্রয়োগের ক্ষেত্রে ফলাফলের উন্নতি হয় ফলে যে মানটি পাওয়া যায় তা নির্ভরযোগ্যতার সঠিক পরিমাপ নয়।
- সময়ের ব্যবধান আবার বেশী হলে শিক্ষার্থীর পরিনমণ, অর্জিত নতুন অভিজ্ঞতাগুলি দ্বিতীয়বার প্রয়োগের ফলাফলকে প্রভাবিত করবে। ফলে সহসম্পর্কের মান হ্রাস পায়।

## ২) সমতুল্য পদ্ধতি:

নির্ভরযোগ্যতা এই পদ্ধতিটি বিকল্প পদ্ধতি / সমান্তরাল পদ্ধতি বা সমতুল্য পদ্ধতি নামেও পরিচিত। এই পদ্ধতি অভীক্ষার নির্ভরযোগ্যতা নির্ণয়ের জন্য একই সাথে দুটি ভিন্ন কিন্তু সদৃশ অভীক্ষা গঠন করা হয়। উভয়ক্ষেত্র অভীক্ষাপদের সংখ্যা, প্রকৃতি, কাঠিন্যমান ও বিন্যাসে সাদৃশ্য থাকবে, উভয় অভীক্ষার সময়সীমা একই হবে, বিষয়বস্তুগত ও উদ্দেশ্যগত সাদৃশ্যও থাকবে। এই কারণেরই একে সমান্তরাল পদ্ধতিও বলা হয় থাকে। অভীক্ষাদুটিকে খুব কম সময়ের ব্যবধানে একদল নির্বাচিত শিক্ষার্থীর উপর পর পর প্রবৌগ করা হয় এবং স্কোর বন্টন দুটির সহগতির সহগাঙ্ক নির্ণয় হয়। এই সহগাঙ্ক অভীক্ষা দুটির সমতুল্যতার পরিমাপ যা শিক্ষার্থীর কোনো বৈশিষ্ট্য পরিমাপে অভীক্ষাদুটির সাদৃশ্যতার মাত্রা নির্দেশ করে।

## সমতুল্য পদ্ধতির ত্রুটি:

সমতুল্য পদ্ধতিতে নিম্নলিখিত ত্রুটিগুলি পরিলক্ষিত হয়:

- সমান্তরাল অভীক্ষা পাওয়া যায় না, দুটি যথাযথ সমান্তরাল অভীক্ষা গঠন কঠিনতর সময়সাপেক্ষ ও পরিশ্রমসাধ্য।
- অভীক্ষাদুটি সদৃশ হওয়ায় প্রথম অভীক্ষা গ্রহণের অভিজ্ঞতা বিকল্প ফলাফলকে প্রভাবিত করে।
- সমান্তরাল অভীক্ষা গঠনে ব্যক্তিগত প্রভাব পড়ে, কারণ দুটি - অভীক্ষাপদ ভিন্ন ব্যক্তির কাছে সমকাঠিন্যমান সম্পন্ন মনে নাও হতে পারে।
- পুরোপুরিভাবে অভিজ্ঞতা, স্মৃতি ইত্যাদি যেতে মুক্ত তা বলা যায় না।

## ৩) অর্ধ-দ্বিখন্ডিত পদ্ধতি:

নির্ভরযোগ্যতা নির্ণয়ের ক্ষেত্রে এই পদ্ধতিতে প্রথমে অভীক্ষাটি একদল নির্বাচিত

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

## টিপ্পনী

শিক্ষার্থীর উপর প্রয়োগ করা হয়। প্রয়োগের পরে অভীক্ষা পদগুলিকে দুটি অংশে ভাগ করে নেওয়া হয়। কাঠিন্যতার ক্রমানুসারে সাজিয়ে জোড় ক্রমিক সংখ্যা সম্পন্ন অভীক্ষা পদগুলিকে একটি খন্ডে এবং বিজোড় ক্রমিক সংখ্যাগুলিকে অপর একটি খন্ডে নেওয়া হয়। তবে এমনভাবে নিতে হবে যাতে অর্ধদুটি পরস্পরের সমান্তরাল বা বিকল্প হয়। অভীক্ষার অন্তর্গত জোড় এবং বিজোড় সংখ্যাসম্পন্ন অভীক্ষাপদগুলি থেকে প্রাপ্ত স্কোরের থেকে পৃথক দুটি বন্টন নির্ণয় করা হয়। এই পৃথক স্কোরের বন্টন থেকে সহগতির সহনাক্ষ নির্ণয় করা হবে। যা অভীক্ষার দুটি অর্ধের নির্ভরযোগ্যতার সহনাক্ষ। এই নির্ভরযোগ্যতার মান থেকে পূর্ণ অভীক্ষার নির্ভরযোগ্যতা নির্ণয়ের জন্য স্পিয়ারম্যান ও ব্রজিনের সূত্র প্রয়োগ করা হবে। নিম্নে সূত্রটি দেওয়া হল।

স্পিয়ারম্যান - ব্রজিনের সূত্র:

$$r_{xx} = \frac{2r_{hh}}{1 + r_{hh}}$$
$$= \frac{2 \times \text{reliability of half test}}{1 + \text{reliability of half test}}$$

### অর্ধ-দ্বিখন্ডিত পদ্ধতির ত্রুটি:

অর্ধদ্বিখন্ডিত পদ্ধতির নিম্নলিখিত ত্রুটি গুলি পরিলক্ষিত হয়:

- অভীক্ষার অন্তর্গত অভীক্ষা পদগুলির ভিন্ন বিন্যাসের জন্য অভীক্ষার খন্ডিত অংশের দুটির মধ্যে পৃথক সহগতির সহগাঙ্কের মান পাওয়া যায়। ফলস্বরূপ নির্ভরযোগ্যতার স্থায়ীমান পাওয়া যায় না।
- অভীক্ষাটিকে যে দুটি খন্ডে বিভক্ত করা হয়েছে তাদের মধ্যকার সাদৃশ্য সম্পূর্ণভাবেই অণুমান ভিত্তিক। তাই নির্ভরযোগ্যতার মানও অণুমানের উপর নির্ভরশীল।
- অভীক্ষকে দুটি অর্ধে বিভক্ত করা সত্যিকারের কঠিনতম কার্য। কাঠিন্যের মান এবং পার্থক্যকরণ ক্ষমতা সবসময় বজায় রাখা যায় না।
- এই পদ্ধতি Power টেস্ট এর ক্ষেত্রে ব্যবহার করা যায় না।

### 8) কুডার - রিচার্ডসন পদ্ধতি:

এই পদ্ধতিটিকে বিকশিত করেছেন G.F. Kudar এবং M.N. Richardson। এটি

## টিপ্পনী

নির্ভরযোগ্যতার যৌক্তিক সমতুল্যতা পদ্ধতি নামেও পরিচিত এটি সমধর্মী অভিক্ষার নির্ভরযোগ্যতার ক্ষেত্রে খুবই প্রয়োজনীয় পদ্ধতি, অর্ধ-দ্বিখন্ডিত পদ্ধতির মতো এই পদ্ধতিতে ও অভিক্ষার অন্তর্গত অভিক্ষাপদগুলির আভ্যন্তরীণ সামঞ্জস্যতা নির্ণয় করা হয় কিন্তু এই পদ্ধতিতে কোনো অভিক্ষার নির্ভরযোগ্যতার মান নির্ধারণ করতে হলে অভিক্ষাটিকে দ্বিখন্ডিত করার প্রয়োজন হয় না। সাধারণত পারদর্শীতার অভিক্ষায় এই ধরনের নির্ভরযোগ্যতা প্রয়োজন হয়। যখন আমরা ফুজার রিচার্ডসন পদ্ধতি ব্যবহার করবো তখন অভিক্ষাটি মনোবৈজ্ঞানিকভাবে সমধর্মী থাকে এবং প্রতিটি পদ প্রতিটি পদের সহিত উঃপর্যায়ে সহসম্পর্কিত থাকে। এই সহগাঙ্কেই বলা হয় ‘সহগাঙ্কের’ যৌক্তিক সমতুল্যতা।

কুডার-রিচার্ডসন সূত্র ব্যবহার করে অভিক্ষার অন্তর্পর্দীয় সামঞ্জস্যতার সহনাক্ষ নির্ণয়টি হল:

$$r_{tt} = \frac{n}{n-1} \frac{\sigma x^2 - \sum pq}{\sigma x^2}$$

Where,

$r_{tt}$  = Reliability index

$n$  = Number of items in the test

$p$  = Proportion of right responses

$q$  = Proportion of wrong responses

**Example:** A test consisting of 50 items and standard deviation of test score is 7.5 and the sum of the product of proportion of right and wrong responses on the item is 10.43. Calculate the reliability.

**Solution:**

$$\begin{aligned} r_{tt} &= \frac{n}{n-1} \frac{\sigma x^2 - \sum pq}{\sigma x^2} \\ &= \frac{50}{50-1} \frac{7.5^2 - 10.43}{7.5^2} \end{aligned}$$

The reliability coefficient of the test is 0.84.

The KR-21 method is also a simple one for calculating reliability of a test. The test is administered once on a group to determine quickly the reliability. The mean and variance are calculated and then the following formula KR-21 is used.

$$r_{tt} = \frac{n \sigma x^2 - M (n - M)}{\sigma x^2 (n - 1)}$$

Where,

$r_{tt}$  = Reliability of the whole test

$n$  = Number of items in the test

$M$  = Mean of the test scores

$\sigma x$  = Standard deviation

**Example:** An objective test of 100 multiple items have been administered to a small group of students. The mean of test score is 50 and standard deviation is 10. Calculate the reliability coefficient of the test.

**Solution:**

$$\begin{aligned} r_{tt} &= \frac{n\sigma x^2 - M (n - M)}{\sigma x^2 (n - 1)} \\ &= \frac{100 \times 10^2 - 50 (100 - 50)}{10^2 (100 - 1)} \\ &= \frac{100 \times 100 - 50 (50)}{100 \times 99} \\ &= \frac{10000 - 2500}{9900} \\ &= 0.76 \end{aligned}$$

The reliability coefficient of the test is 0.76.

### কুডার - রিচার্ডসন পদ্ধতির সীমাবদ্ধতা:

কুডার - রিচার্ডসন পদ্ধতির সীমাবদ্ধতা নিম্নে আলোচিত হল:

- অভীক্ষার অন্তর্গত অভীক্ষাপদগুলি বিষম প্রকৃতির হওয়ায় বিভিন্ন অভীক্ষাপদ শিক্ষার্থীদের উত্তরদানে কোনো সহগতি থাকে না বললেই চলে। তাই



নির্ভরযোগ্যতার পরিমাপ ত্রুটিপূর্ণ হয়।

- এটি Power test এবং বিসমধর্মী অভীক্ষার ক্ষেত্রে ব্যবহার করা যায় না।
- বিভিন্ন ধরনের কুডার রিচার্জসন সূত্রের ফলাফল নির্ভরযোগ্যতায় সহনাক্ষের তারতম্য ঘটায়।
- যদি অভীক্ষার সমস্ত প্রকার পদগুলি উপর্যায়ের সমধর্মী না হয় তখন এই পদ্ধতিতে নির্ভরযোগ্যতার সহনাক্ষ হ্রাস পায়।

#### ৫) আন্তঃরেটার পদ্ধতি:

নির্ভরযোগ্যতার এই পদ্ধতিটি স্কোরিং / মূল্যায়নের মাধ্যমে হয়ে থাকে, দুই বা তার অধিক স্বাধীন বিচারক দ্বারা প্রতিটি অভীক্ষার ক্ষেত্রে। বিভিন্ন স্কোর বিচারকরা প্রদান করে থাকে তারপর তাদের মধ্যে সামঞ্জস্যতা নির্ধারণের তুলনা করা হয়। এই তুলনা কা হয়ে থাকে এইভাবে যে, প্রতিটি রেটার প্রতিটি অভীক্ষা পদের স্কোর দেয় যেটি স্কেল ১ থেকে ১০ পর্যন্ত বিস্তৃত। তারপর যেকোনো দুটি রেটিংয়ের মধ্যে সহগতি নির্ণয় করা হয় অপর একটি পদ্ধতি রয়েছে আন্তঃরেটার পদ্ধতি পরীক্ষণের জন্য। এই পদ্ধতিতে রেটার প্রতিটি বিভাগে প্রতিটি পর্যবেক্ষণ চিহ্নিত করে এবং তার শতাংশ নির্ণয় করে থাকে। যেমন যদি রেটার ১০ এদের মধ্যে ৭ দেয় তবে বলা হয় অভীক্ষাটির আন্তঃরেটার নির্ভরযোগ্যতা ৭০ শতাংশ।

#### আন্তঃরেটার পদ্ধতি সীমাবদ্ধতা:

আন্তঃরেটার পদ্ধতির সীমাবদ্ধতাগুলি নিম্নলিখিত:

- এই পদ্ধতিটি কঠিন কারণ আন্তঃ রেটার নির্ভরযোগ্যতা রাষিবিজ্ঞান প্রয়োজ প্রতিটি পদকে পৃথকভাবে নির্ণয় করা।
- এটি সময়স্বাপেক্ষ এবং পরিশ্রমসাধ্য পদ্ধতি।
- রেটারদের প্রশিক্ষণের প্রয়োজন। সু প্রশিক্ষক রেটারের সহজলভ্য প্রায় নেই।

#### নির্ভরযোগ্যতায় প্রভাবিত কারণসমূহ:

অভীক্ষার নির্ভরযোগ্যতা বিভিন্ন প্রকার বিষয় দ্বারা প্রভাবিত যা নিম্নে আলোচনা করা হল:

টিপ্পনী

স্ব-অধ্যায় সামগ্রী

**অভীক্ষার দৈর্ঘ্য :** কোনো অভীক্ষার দৈর্ঘ্য বৃদ্ধি করলে তার নির্ভরযোগ্যতা বৃদ্ধি পায় এবং অভীক্ষাটি সংক্ষিপ্ত হলে অর্থাৎ যথেষ্ট অভীক্ষা পদ না থাকলে অভীক্ষার নির্ভরযোগ্যতা হ্রাস পায়।

**অভীক্ষার গঠন :** অভীক্ষা পদের প্রকৃতি, কাঠিন্যের মান, ফ্লোরিং এর নৈর্ব্যক্তিকতা পদের আন্তঃনির্ভরতা এবং বিকল্প প্রতিক্রিয়া ইত্যাদি বিষয়গুলি নির্ভরযোগ্যতাকে প্রভাবিত করে থাকে। বেশী পরিমাণে বিকল্প প্রতিক্রিয়া অভীক্ষার নির্ভরযোগ্যতা বৃদ্ধি করে থাকে।

**দলের ধর্ম :** অভীক্ষার নির্ভরযোগ্যতা বেশী থাকবে বিসমধর্মী দলের ক্ষেত্রে অভীক্ষাটি পরিচালনা করা হয়। বিষমতা বেশী হলে নির্ভরযোগ্যতার সনাক্তও উচ্চ হয়।

**অনুমান সহায়ক অভীক্ষাপদ :** কোনো অভীক্ষায় সত্য - মিথ্যা বা বহুমুখী নির্বাচনধর্মী অভীক্ষাপদের উত্তরদানে শিক্ষার্থীদের মধ্যে অনুমান প্রবণতা লক্ষ্য করা যায় যা অভীক্ষার নির্ভরযোগ্যতা হ্রাসের কারণ। তাই অভীক্ষাপদগুলি এমনভাবে নির্বাচন করতে যেন তারা অনুমানভিত্তিক উত্তর দিতে না পারে।

**অভীক্ষার নির্দেশদান :** যদি অভীক্ষার নির্দেশদান জটিল প্রকৃতির হয় বোঝার ক্ষেত্রে তাহলে স্কোরের সামঞ্জস্যতা হ্রাস পায়। এটি উভয় পরীক্ষক এবং শিক্ষার্থী দুজনের ক্ষেত্রেই উপযুক্ত নির্দেশদানের বোধগম্যতা প্রয়োজনীয় তা না হলে অভীক্ষার নির্ভরযোগ্যতা হ্রাস পায়।

**খুব সহজ এবং জটিল পদ :** খুব শক্ত আবার খুব সোজা পদ ভালো এং খারাপ শিক্ষার্থীর মধ্যে পার্থক্যীকরণ করতে পারে না। যা অভিখ্যার নির্ভরযোগ্যতাকে প্রভাবিত করে।

এছাড়া আরো কিছু বিষয় অভীক্ষার নির্ভরযোগ্যতাকে প্রভাবিত করে : পরীক্ষকের আত্মনিষ্ঠা, অভীক্ষার মধ্যবর্তী সময়, কেরনীয় ত্রুটি, অনুশিলনের প্রভাব ইত্যাদি।

## ২.৬. যথার্থতা : অর্থ এবং পদ্ধতি :

অভীক্ষার যথার্থতা নির্ধারিত হয় এইভাবে যে নির্নায়ক অনুযায়ী এটি কিরূপ মিল রেখে পরিমাপ করতে পারলো তার উপর এটি অবশ্যই সততার সঙ্গে তুলনীয় এই অর্থে যে

অভীক্ষাটি যে উদ্দেশ্যে গঠিত তাই সে পরিমাপ করে এবং এটি সুঅভীক্ষার একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। কোনো অভীক্ষা ব্যক্তির যেবৈশিষ্ট্যকে পরিমাপের জন্য প্রস্তুত করা হয়েছে, অভীক্ষাটি কতটা নিখুঁত ও সার্থকভাবে তা পরিমাপে সক্ষম হচ্ছে তার মাত্রাই অভীক্ষাটির যথার্থতা। একটাই অভীক্ষার অন্য সকল সুবিধা থাকলেও যথার্থতা ব্যতীত অভীক্ষাটি মূল্যহীন।

### যথার্থতার বৈশিষ্ট্য:

